



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-I Examination, 2020

বাংলা-সাম্মানিক

বাংলা-দ্বিতীয় পত্র

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১ নম্বর প্রশ্নের উত্তর লেখা আবশ্যিক এবং ২ নম্বর থেকে ৫ নম্বর প্রশ্নের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

- ১। গল্পের আকারগত সংক্ষিপ্ততাই ছোটগল্পের একমাত্র বৈশিষ্ট্য নয়। — বিষয়টি আলোচনা করো। ৫+১৫
এই সূত্রে একটি ছোটগল্প বিশ্লেষণ করে তার পরিণতির দিকটি কীভাবে বিশিষ্ট হয়ে উঠেছে তার পরিচয় দাও।

অথবা

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১০+১০

- (ক) ঐতিহাসিক উপন্যাসের সাফল্য কোন্ কোন্ বিশেষত্বের উপর নির্ভর করে? একটি বাংলা ঐতিহাসিক উপন্যাস অনুসরণে তার সিদ্ধি ও সীমাবদ্ধতার দিকগুলি নির্দেশ করো। ৫+৫
- (খ) কোন্ শ্রেণীর উপন্যাসকে রাজনৈতিক উপন্যাস আখ্যা দেওয়া যায়? বাংলা সাহিত্যের একটি উদ্দীপনা সঞ্চারী রাজনৈতিক উপন্যাসের পর্যালোচনা করো। ৪+৬
- (গ) ‘সত্যকার নভেলে গল্পাংশ থাকে না, থাকা উচিত নয়, চিন্তাস্রোতের বিবরণ থাকবে।’ — এই মন্তব্য চেতনাপ্রবাহ রীতি-র উপন্যাসের ক্ষেত্রে কতখানি গ্রহণযোগ্য তা নির্দেশ করো। প্রসঙ্গত, এই রীতির একটি উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫+৫
- (ঘ) সামাজিক, ঐতিহাসিক, রাজনৈতিক, আঞ্চলিক প্রভৃতি বিচিত্রতা সত্ত্বেও উপন্যাসের এমন কিছু সাধারণ বৈশিষ্ট্য আছে যা, সবধরনের উপন্যাসেই প্রত্যাশিত। বিষয়টি আলোচনা করো। ১০

- ২। ‘চন্দ্রশেখর’ উপন্যাসে নদী ও মানব জীবনের সংযোগ রচিত হয়েছে। — আলোচনা করো। ১৫

অথবা

শৈবলিনী চরিত্র পরিকল্পনায় নীতির অবলেপ থাকলেও শেষপর্যন্ত সেখানে জীবন ও শিল্পের ধর্মই ব্যঞ্জিত হয়েছে। — মন্তব্যটি কতদূর যথার্থ বিশ্লেষণ করে দেখাও। ১৫

- ৩। ‘শেষের কবিতা’ উপন্যাসের কবিতাগুলি উপন্যাসটিকে কীভাবে নতুন মাত্রায় অলংকৃত করেছে তার পরিচয় দাও। ১৫

অথবা

- ‘অমিতর দুর্লভ যুবকত্ব নির্জলা যৌবনের জোরেই একেবারে বেহিসেবি, উড়নচন্ডী, বান ডেকে ছুটে চলেছে বাইরের দিকে – সমস্ত নিয়ে চলেছে ভাসিয়ে....’ — মস্তব্যটির প্রেক্ষিতে ‘শেষের কবিতা’ উপন্যাসের অমিত চরিত্রটির স্বাতন্ত্র্য নির্দেশ করো। ১৫
- ৪। শ্রীকান্ত দার্শনিক নয়, দর্শকমাত্র, জীবনের বিচিত্র রসের আশ্বাদনেই তার আনন্দ — ‘শ্রীকান্ত’ প্রথম পর্ব অনুসরণে এ মস্তব্য কতদূর সংগত, তা নির্দেশ করো। ১৫

অথবা

- ‘শ্রীকান্ত’ উপন্যাসের প্রথম পর্বে অন্নদাদিদি ও রাজলক্ষ্মী চরিত্র দুটি পরস্পরের পরিপূরক কিনা বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১৫
- ৫। মিথ ও বাস্তবতার দ্বন্দ্ব ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসে কীভাবে এক ক্রান্তিকালের দ্যোতনাকে সত্য করে তুলেছে, তার পরিচয় দাও। ১৫

অথবা

- কাহার জীবনে নতুন কালের অভিজ্ঞান নিয়ে করালীর আত্মপ্রকাশ। — আলোচনা করো। ১৫

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—